চ্যান্সেলরের প্রবিধান

ক্যাটেগরি:	**শিক্ষাদান-সংক্রান্ত কর্মচারী**	ইস্যুর তারিখ: / /15	নম্বর:	**C-30**
বিষয়:	প্রিন্সিপ্যাল এবং অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল নির্বাচন, দায়িত্ব অর্পন এবং নিযুক্তিসংক্রান্ত বিষয় নিয়ন্ত্রণকারী চ্যান্সেলরের প্রবিধান		পৃষ্ঠা:	1এর 1

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান প্রিন্সিপ্যাল এবং অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল নির্বাচন এবং নিযুক্তিসংক্রান্ত বিষয় নিয়ন্ত্রণ করে। এটি ১০ এপ্রিল ২০১৪ তারিখে ইস্যুকৃত C-30 প্রবিধানের স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- এই প্রবিধান ৩০ জুন ২০১৫ তারিখের পর শুরু তত্বাবধায়ক বাছাই প্রক্রিয়ার জন্য কার্যকর। সেকশন I
- সুপারভাইজরি সাপোর্ট সার্ভিসেস অফিস প্রিন্সিপ্যাল ও অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যালদের জন্য শিক্ষাদানের পূর্বাভিজ্ঞতার শর্ত সম্পর্কে রূপরেখার ঘোষণা করেছে। সেকশন VII(D)(3)
- বরো ফিল্ড অফিস সেইসব লেভেল I কমিটির সদস্যদের রেকর্ড সংরক্ষণ করবে যেগুলোর স্কুল ও কর্মসূচিসমূহতে তারা সহায়তা করে। সেকশন XI(B)(1)
- কম্যুনিটি ডিস্ট্রিক্ট পদের জন্য লেভেল I কমিটিগুলোর তত্বাবধায়ন প্রতিনিধি হচ্ছেন হয় পদ খালি আছে এমন স্কুলের অথবা ডিস্ট্রিক্টের অন্য একটি স্কুলের তত্বাবধায়ক, তবে কোনটাই না থাকলে, বরোর কোন স্কুলের তত্বাবধায়ক। সেকশন XI(C)(1)
- নন-কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট পদের জন্য লেভেল I কমিটিগুলোর তত্বাবধায়ন প্রতিনিধি হচ্ছেন হয় পদ খালি আছে এমন স্কুলের অথবা বরোর কোন স্কুলের তত্বাবধায়ক। সেকশন XI(E)(1)
- লেভেল I কমিটিগুলোয় ক্লাস্টারের মনোনীত ব্যক্তি সুপারিনটেনডেন্টের মনোনীত ব্যক্তি কর্তৃক প্রতিস্থাপিত হন। সেকশন XI(C)(1), XI (E)(1), and XI(G)(3)(b)
- C-30 কমিটির কোন সদস্য গোপনীয়তা ভঙ্গ করলে তাকে প্রক্রিয়া থেকে অব্যাহতি এবং ভবিষ্যতে C-30 কমিটিগুলোয় দায়িত্বপালন থেকে নিষিদ্ধ করা যাবে। সেকশন XVII(B)
- যেসব প্রিন্সিপ্যালকে প্রিন্সিপ্যাল প্রার্থী পুল প্রতিষ্ঠার তারিখ ১ ফেব্রুয়ারি ২০০৮ এর আগে নিয়োগদান করা অথবা অন্তর্বর্তী ভারপ্রাপ্ত প্রিন্সিপ্যালের দায়িত্ব দেয়া হয়েছে তারা স্বতোক্রিয়ভাবে প্রিন্সিপ্যাল ক্যান্ডিডেট পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য যোগ্য, যদি তারা নিয়োগপ্রাপ্ত অথবা অন্তর্বর্তী ভঅরপ্রাপ্ত প্রিন্সিপ্যাল হিশেবে সন্তোষজনক বার্ষিক রেটিং লাভ এবং স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট কর্তৃক প্রতিষ্ঠিত প্রিন্সিপ্যাল পদের জন্য যোগ্যতার ন্যূনতম শর্ত পূরণ করে থাকেন। এধরনের প্রিন্সিপ্যালগণ প্রিন্সিপ্যাল পদে আবেদন করার জন্য যোগ্য নন যদি না তাদের ন্যূনতম সাত বছরের শিক্ষাদান করার অভিজ্ঞতা থাকে। সেকশন VIII
- কেবলমাত্র কম্যুনিটি সুপারিনটেনডেনদের দ্বারা নিয়োগের ক্ষেত্রেই প্রত্যাখ্যানের কারণ দর্শাতে হবে এটি ব্যাখ্যা করার ভাষা যুক্ত করা হয়েছে। কেবলমাত্র কম্যুনিটি সুপারিনটেনডেনদের দ্বারা নিয়োগের ক্ষেত্রেই প্রত্যাখ্যানের কারণ দর্শাতে হবে এটি ব্যাখ্যা করার ভাষা যুক্ত করা হয়েছে। সেকশন XI(A)(1)(a)
- কম্যুনিটি সুপারিনটেনডেন্ট, প্রিন্সিপ্যাল ও অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল নিয়োগ বাতিলের সিদ্ধান্ত দেন ডেপুটি চ্যান্সেলর অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তি এটি ব্যাখ্যা করার জন্য অসামঞ্জস্য সংশোধন করা হয়েছে। সেকশন IX(A)(1)(a)